

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ অক্টোবর ২০২৩খ্রি.

চসিক ভ্রাম্যমান আদালত
বিভিন্ন অপরাধের দায়ে ৫ ব্যক্তিকে ৫৮ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার ডেঙ্গু মশার উৎসস্থল ধ্বংস অবৈধ স্থাপনা উচ্ছেদের লক্ষে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরীন ফেরদৌস এর নেতৃত্বে নগরীর জিইসি, গোলপাহাড়, জামালখান এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বাসা বাড়ির ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন সহ রাস্তা ও ফুটপাথের অবৈধ স্থাপনা পরিদর্শন করে উচ্ছেদ করা হয়।

পরিদর্শনকালে রাস্তা ও ফুটপাথ দখল করে নির্মাণ সামগ্রী রাখার দায়ে চট্টগ্রাম মেট্রোপলিটন হাসপাতালকে ২৫ হাজার, রাস্তার উপর জেনারেটর স্থাপনের দায়ে মোহাম্মদীয়া হোটেল এণ্ড রেস্টুরেন্টকে ১০ হাজার, ফুটপাথে আবর্জনা ফেলার দায়ে বে-ইম্পরিয়াম জুতার শোরুম কে ২ হাজার, জৈনক আবদুল হান্নানকে ১ হাজার, জামালখান এলাকায় ভবনের আন্ডার গ্রাউন্ডে এডিস মশার লার্ভা পাওয়ায় সানমার স্প্রিং গার্ডেন ওনার্স এসোয়িয়েশনকে ২০ হাজার টাকা সহ মামলা রুজু পূর্বক সর্বমোট ৫৮ টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে গোলপাহাড়ের মোড় রাস্তা ও ফুটপাথের উপর ওয়ারিয়ার টাওয়ারের কংক্রিট জন্ম করা হয়। এতে সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালক কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম অংশ নেন।

অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চসিক ভ্রাম্যমান আদালত

বহুদার হাট মোড় থেকে কামাল বাজার পর্যন্ত রাস্তা এবং ফুটপাথ দখল করে অবৈধ দোকান উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার বহুদার হাট মোড় থেকে কামাল বাজার পর্যন্ত কালুর ঘাট রোডের অবৈধ স্থাপনা ও দোকান পাট উচ্ছেদে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরীন ফেরদৌস এর নেতৃত্বে নগরীর বহুদার হাট মোড় থেকে কামাল বাজার পর্যন্ত রাস্তা এবং ফুটপাথ দখল করে অবৈধ দোকান বসানোর দায়ে এবং দোকানের সামনে ময়লা আবর্জনার স্তুপ থাকায় ১২ ব্যক্তিকে ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে সিটি কর্পোরেশনের প্রধান পরিচালক কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম সহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮